ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৭১

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

**জিবিপি হাসপাতালে নাম-ঠিকানাহীন বৃদ্ধ মানুষের সেবা-যত্নে মানবিকতার প্রকাশ**





আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যাণ্ড জিবিপি হাসপাতালে বিভিন্ন বিভাগে বিশেষজ্ঞ চিকিৎসক সহ নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীরা যেভাবে নিরলসভাবে স্বাস্থ্য পরিষেবা প্রদান করছেন তাতে প্রতিদিন অসংখ্য রোগী রোগ যন্ত্রণা থেকে মুক্তি পেয়ে সুস্থ হয়ে হাসিমুখে বাড়ি ফিরেছেন। সম্প্রতি জিবিপি হাসপাতালে ৯২ বৎসর বয়স্ক একজন রোগীকে যেভাবে স্বাস্থ্যকর্মীরা স্বাস্থ্য পরিষেবা প্রদান করছেন ও যত্ন নিচ্ছেন তাতে এই অজ্ঞাত ও অজানা বৃদ্ধ মানুষটি আরোগ্যের পথে। দীর্ঘ দুই মাস ধরে জিবি হাসপাতালের নিউ অর্থোপেডিক্স পুরুষ ওয়ার্ডে ১২ নম্বর বেডএ ভর্তি আছেন তিনি। এই - বৃদ্ধ মানুষটির একটি পায়ের অর্ধেকটা কাটা গেছে। তিনি কথা বলতে পারেন না, ভালো করে চোখে দেখতে পান না, শুধু চোখ দিয়ে জল গড়িয়ে পরে, চোখেমুখে বেঁচে থাকার আকুতি। দু-'মাস ধরে এই বৃদ্ধ মানুষটির পরিবার পরিজন বা নিকটআত্মীয় কেউ খোঁজ করেন নি। নামহীন,ঠিকানাহীন এই বৃদ্ধের আপনজন বলতে যখন কেউ নেই, তখন জিবিপি হাসপাতালের সুলভ কর্মীরাই এখন উনার আপনজন হয়ে নিরলসভাবে সমস্ত রকম সেবাযত্ন করে চলেছেন-। জ্যোতি সরকার,জুলেখা বেগম, রুপা মজুমদার ও প্রতিভা ভৌমিক এর মতো হাসপাতালের সুলভ কর্মীরা নিজেদের শিফট অনুযায়ী এই বৃদ্ধ মানুষটিকে সেবা যত্ন করে চলেছেন। বৃদ্ধ মানুষটিকে খাবার খাইয়ে দেওয়া,শরীর মুছিয়ে দেওয়া,হাগিস পাল্টানো,প্রয়োজন মত শরীরকে এপাশওপাশ করে দেওয়া-,পানীয় জল ও ওষুধ খাইয়ে দেওয়া সহ অন্যান্য কাজে নিরন্তর ভাবে সহযোগিতা করে যাচ্ছেন। এছাড়াও জিবিপি হাসপাতালে মানবিকতার টানে অনেক মানুষ এই বৃদ্ধকে প্রতিদিন বাড়ি থেকে রান্না করা খাবার এনে খাইয়ে দিচ্ছেন ও প্রত্যেকদিন খোঁজখবরও রাখছেন। রক্তের সম্পর্কের কেউ আপন না হলেও সকলেই এখন এই - মানুষটির আপনজন হয়ে উঠেছে। সবাই প্রার্থনা করছেন উনি যেন ভালভাবে বেঁচে থাকেন,আর ততদিন হাসপাতালের সুলভ কর্মীরাই তাঁকে অন্তত পক্ষে সামান্য সযত্নে রাখার জন্য শপথ নিয়েছেন। গত ২২ অক্টোবর ২০২৫ আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যাণ্ড জিবিপি হাসপাতালে ডেপুটি মেডিকেল সুপারিনটেনডেন্ট ডাঃ কনক চৌধুরী ও ডেপুটি ডাইরেক্টর অ্যাডমিনিস্ট্রেশন গিডিয়ান মলসম জিবিপি হাসপাতালের সুলভ কর্মীদের এই ধরনের মানবিক সেবামূলক কাজের ভুয়সী প্রশংসা করেছেন। “মানুষ মানুষের জন্য”,এই বিশ্বাসকে আঁকড়ে টানা দু'মাস ধরে বৃদ্ধ মানুষটিকে জিবিপি হাসপাতালের চিকিৎসক থেকে শুরু করে নার্স এবং সুলভ কর্মীরা সকলে মিলে সুস্থ করে তোলার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। মানবতা এখনও বেঁচে আছে, আর বেঁচে আছে বলেই নামঠিকানাহীন এই বৃদ্ধ মানুষটির - আপনজন হয়ে উঠেছে জিবিপি হাসপাতালের চিকিৎসক থেকে শুরু করে নার্স ও সুলভ কর্মীরা। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে।

********